

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৯৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلَافِ الرَّوَايَات

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ الْوَكِيلُ ، ثَنَا الْحَسَنُ بْنُ عَرَفَةَ ، ثَنَا هُشَيْمٌ ، عَنْ حُصَيْنٍ . ، وَعُتْمَانُ بْنُ مُحَمَّدِ بْنِ جَعْفَرٍ ، قَالَا : نَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا جَرِيرٌ ، عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ، قَالَ : دَخَلْنَا عَلَى إِبْرَاهِيمَ ، فَحَدَّثَهُ مُوسَى ، نَا جَرِيرٌ ، عَنْ حُصَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ، قَالَ : دَخَلْنَا عَلَى إِبْرَاهِيمَ ، فَحَدَّثَهُ عَمْرُو بْنُ مُرَّةَ قَالَ : صَلَّيْنَا فِي مَسْجِدِ الْحَضْرَمِيِّينَ ، فَحَدَّثَنِي عَلْقَمَةُ بْنُ وَائِلٍ ، عَنْ أَبِيهِ : " أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَرْفَعُ يَدَيْهِ حِينَ يَفْتَتِحُ الصَّلَاةَ ، وَإِذَا رَكَعَ ، وَإِذَا سَجَدَ " ، فَقَالَ إِبْرَاهِيمُ : مَا أُرَى أَبَاكَ رَأَى رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَرْفَعُ يَدَيْهِ حِينَ يَفْتَتِحُ الصَّلَاةَ ، وَإِذَا رَكَعَ ، وَإِذَا سَجَدَ " ، فَقَالَ إِبْرَاهِيمُ : مَا أُرَى أَبَاكَ رَأَى رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِلَّا ذَلِكَ الْيَوْمَ الْوَاحِدَ ، فَحَفِظَ ذَلِكَ ، وَعَبْدُ اللَّهِ لَمْ يَحْفَظْ ذَلِكَ مِنْهُ . ثُمَّ قَالَ إِبْرَاهِيمُ : إِنَّمَا رَفْعُ الْيَدَيْنِ عِنْدَ افْتِتَاحِ الصَّلَاةِ . لَفْظُ جَرِيرٍ

বাংলা

১০৯৪(১৩). আহমাদ ইবনে আবদুল্লাহ আল-ওয়াকীল (রহঃ) ... আলকামা ইবনে ওয়াইল (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছেন যে, তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) যখন নামায শুরু করতেন, যখন রুকু করতেন এবং যখন সিজদায় যেতেন তখন তাঁর দুই হাত উপরে উত্তোলন করতেন। ইবরাহীম (রহঃ) বলেন, আমার ধারণামতে, আপনার পিতা কেবল ঐ এক দিনই রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছেন এবং এটা সংরক্ষণ করেছেন। আবদুল্লাহ (রহঃ) এটা তার থেকে সংরক্ষণ করেননি। অতঃপর ইবরাহীম (রহঃ) বলেন, তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) কেবল নামায শুরু করার সময়ই দুই হাত উপরে উত্তোলন করেছেন। মূল পাঠ জারীর (রহঃ)-এর।



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলকামা ইবনে ওয়াইল আল-হাদরামী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন